

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬০৫

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩৩. মুসলিম ভাইয়ের দামের উপর অপর কেউ যেন দাম না করে

باب لَا يَبِيعُ عَلَى بَيْعِ أَخِيهِ

## আরবী

أَخْبَرَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ حَدَّثَنَا مَالِكٌ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى بَيْعِ بَعْضٍ وَلَا تَلَقَّوْا السِّلَعَ حَتَّى يُهْبَطَ بِهَا الْأَسْوَاقَ وَلَا تَلَقَّوْا السِّلَعَ حَتَّى يُهْبَطَ بِهَا الْأَسْوَاقَ وَلَا تَنَاجَشُوا

## বাংলা

২৬০৫. ইবনু 'উমার রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন "তোমাদের একজনের ক্রয়-বিক্রয়ের উপর অপরজন ক্রয়-বিক্রয় করবে না আবার তোমরা পণ্যবাহী কাফেলার সাথে মাঝপথে অগ্রসর হয়ে সাক্ষাৎ করবে না, যতক্ষণ মালের মালিক বিক্রেতা বাজারে এসে না পৌছাবে। আর তোমরা 'নাজাশ্' তথা (খরিদ করার উদ্দেশ্য ব্যতীত ক্ষতিসাধনের জন্য অযথা দরদাম করে) মূল্য বৃদ্ধি করবে না।"[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ শক্তিশালী।

তাখরীজ: মালিক, বুয় ৯৫; বুখারী, বুয় ২১৩৯; মুসলিম, বুয় ১৪১২।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫৮০১ ও সহীহ ইবনু হিব্বান নং ৪৯৫৯, ৪৯৬২ ৪৯৬১ তে। আর এটি গত হয়েছে ২২২২ (অনুবাদে ২২১২) নং তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন